ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৩৩১
জিরানীয়া,১৩ আগস্ট,২০২৫

**জিরানীয়ায় তিরঙ্গা র‍্যালি অনুষ্ঠিত**

আজ জিরানীয়া মহকুমা প্রশাসনের উদ্যোগে ৭৯তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে এবং হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসেবে এক বর্ণাঢ্য তিরঙ্গা র‍্যালি অনুষ্ঠিত হয়। জিরানীয়া কলেজ চৌমুহনি থেকে র‍্যালি শুরু হয়ে জিরানীয়া ব্লক অফিস প্রাঙ্গণে গিয়ে সমাপ্ত হয়। র‍্যালিতে উপস্থিত ছিলেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রীতম দেবনাথ, জিরানীয়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রতন কুমার দাস, মহকুমা শাসক অনিমেষ ধর, মহকুমা পুলিশ আধিকারিক কমল কৃষ্ণ কলই, জিরানীয়া ব্লকের বিডিও তুষার আলম সহ প্রশাসনের বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ, বিদ্যালয়ের ছাত্রছাত্রী, সমাজসেবী রণজিৎ রায় চৌধুরী, গৌরাঙ্গ ভৌমিক প্রমুখ। সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে পর্যটনমন্ত্রী বলেন, তিরঙ্গা পতাকা আমাদের জাতীয় ঐতিহ্যের প্রতীক। এই র‍্যালির মাধ্যমে দেশপ্রেমের চেতনাকে জাগ্রত করা এবং সকলকে মাতৃভূমির প্রতি গভীর শ্রদ্ধা ও সম্মান প্রদর্শনে উদ্বুদ্ধ করাই হচ্ছে এর মূল উদ্দেশ্য।

*****